م.



া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৩৯

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ কোন ব্যক্তির সন্তান শৈশবে মারা যাওয়া, সেই ব্যক্তির জন্য কল্যাণকর হওয়া প্রসঙ্গে বর্ণনা ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يُسْتَحَبُّ لِلْمَرْءِ مِنْ تَقْدِيمِ الفرط لنفسه

আরবী

2939 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ عَنِ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيّ عَنِ الْحَارِثِ بْنِ سُويْدٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا تَعُدُّونَ الرَّقُوبِ فِيكُمْ؟) قَالَ: قُلْنَا: الَّذِي لَا يُولَدُ لَهُ قَالَ: (لَيْسَ ذَلِكَ بِالرَّقُوبِ وَلَكِنِ الَّذِي لَا يُقَدِّمُ مِنْ وَلَدِهِ شَيْئًا) قَالَ: (فَمَا تَعُدُّونَ الصَّرُعَةَ لَا يُعِدُمْ?) قُلْنَا: الَّذِي لَا يصرَعُهُ الرِّجَالُ قَالَ: (لَيْسَ ذَاكَ وَلَكِنِ الَّذِي يَمْلِكُ نَفْسَهُ عند الغضب)

الراوي : عَبْد اللَّهِ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2939 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (3406):

বাংলা

২৯৩৯. আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার বলেন, "তোমাদের মাঝে তোমরা রাকূব (নিঃসন্তান) কাকে গণ্য করো?" রাবী বলেন, আমরা বললাম, "যার কোন সন্তান হয় না।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "সে রাকূব নয়, বস্তুত রাকূব হলো সেই ব্যক্তি, যার কোন সন্তান আগে (শৈশবে মারা গিয়ে জান্নাতে) গমন করে না।" তিনি আবার জিজ্ঞেস করেন, "তোমরা তোমাদের মাঝে কাকে পাহলোয়ান গণ্য করো?" আমরা বললাম, "যাকে লোকজন পরাভূত করতে পারে না।" তিনি বলেন, "সে পাহলোয়ান নয়। বরং সেই হলো পাহলোয়ান, যে ক্রোধের সময় নিজেকে সংবরণ করে।"[1]



ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৬০৮; সুনান বাইহাকী: ৪/৬৮; মুসনাদ আহমাদ: ১/৩৮২; আবূ দাউদ: ৪৭৭৯।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩৪০৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন